দৈনিক সংবাদ

তারিখ 23 OCT 1988
পৃষ্ঠা 1 8 কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

129

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'জন ছাত্র অপহৃত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের পেছন থেকে গতকাল শনিবার অস্ত্রের মুখে দু'জনকে অপহরণের ঘটনা ঘটেছে। এ সময় ৫ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করা হয়।

একটি মাইক্রোবাসে করে কিছুসংখ্যক সশস্ত্র লোক দুপুরে কলাভবনের পেছনে লেকচার থিয়েটারের সামনের রাস্তা থেকে দু'জনকে অস্ত্রের মুখে তুলে নিয়ে যাবার সময় ফাঁকা গুলী করে

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## বিশ্ববিদ্যালয়ের পরিবেশ সুস্থ রাখার প্রশ্নে পুলিশ ও কর্তৃপক্ষের বৈঠক

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত রাখা, ইতিপূর্বে বহিষ্কৃত ও অবাঞ্ছিত ঘোষিত ছাত্রদের আনাগোনা রোধ এবং ক্যাম্পাসে সুস্থ পরিবেশ বজায়

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## বিশ্ববিদ্যালয় পরিবেশ

(১ম পাতার পর)

রাখার ব্যাপারে সহযোগিতা করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষ পরস্পর প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন।

গতকাল শনিবার সকালে সচিবালয়ে পুলিশের আইজি'র অফিসে উভয়পক্ষের মধ্যে অনুষ্ঠিত এক সভায় এব্যাপারে সহযোগিতার প্রতিশ্রুতি দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান, প্রক্টর ও বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং পুলিশের পক্ষে আইজিএ আর খন্দকার, মহানগর পুলিশ কমিশনার ও বিশেষ শাখার অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক আলোচনায় অংশ নেন।

## ২ জন ছাত্র অপহৃত

(১ম পাতার পর)

বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

জাতীয়তাবাদী ছাত্রদল সূত্রে বলা হয়, অপহৃত দু'জন তাদের সংগঠনের কর্মী এবং সন্ধ্যার পর তাদেরকে ছেড়ে দেয়া হয়। এই ঘটনার প্রতিবাদে আজ সকাল ১১টায় কলাভবন প্রাঙ্গণে প্রতিবাদ সভা ডাকা হয়েছে।

গতরাতে যোগাযোগ করা হলে রমনা থানা পুলিশ ওই ধরনের কোন ঘটনার সাথে তাদের জড়িত থাকার কথা অস্বীকার করে। তবে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, রমনা এবং ধানমণ্ডী থানা যৌথভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে কাউকে কাউকে গ্রেফতার করার চেষ্টা করছে।